# ২০১৮
# বাংলা
## (অনার্স)
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
## প্রথম সেমেস্টার
## দ্বিতীয় পত্র (BNGH/CC-T-II)
## (বাংলা সাহিত্যের ইতিহাস ও বাংলা ভাষাতত্ত্ব-২য় ভাগ)

পূর্ণমান : ৬০ সময় : ২$\frac{১}{২}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) উইলিয়াম কেরির দু'টি বাংলা ভাষায় রচিত পাঠ্যপুস্তকের নাম লেখো।

খ) বিদ্যাসাগরের দু'টি মৌলিক রচনার নাম লেখো।

গ) রবীন্দ্রনাথের সাহিত্য সমালোচনামূলক দু'টি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।

ঘ) 'পদ্মিনী উপাখ্যান' কে রচনা করেন? কোন্ কাহিনী অবলম্বনে এই কাব্য রচিত হয়েছে?

ঙ) অক্ষয়কুমার বড়ালের নিসর্গ ও প্রেম সম্পর্কিত দু'টি কাব্যগ্রন্থের নাম লেখো।

(পরের পাতায়)

চ) রামমোহন রায়ের-ব্যাকরণ গ্রন্থটির নাম কী? এটি কত সালে প্রকাশিত হয়েছিল?

ছ) 'বাংলা ভাষা পরিচয়' গ্রন্থখানি কে লিখেছিলেন? কত সালে প্রকাশিত হয়?

জ) 'চা' এবং 'আনারস' শব্দদুটি কোন্ ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?

ঝ) দীনবন্ধু মিত্রের দু'টি প্রহসনের নাম লেখো।

ঞ) 'প্রফুল্ল' ও 'হারানিধি' কে রচনা করেন? আঙ্গিক দিক দিয়ে বিচার করলে নাটক দুটি কোন্ পর্যায়ে পড়ে?

ট) অমিয়ভূষণ মজুমদারের দু'টি বিশিষ্ট স্থানীয় উপন্যাসের নাম লেখো।

ঠ) 'সবুজপত্র' পত্রিকায় প্রকাশিত রবীন্দ্রনাথের দু'টি ছোটগল্পের নাম লেখো।

ড) 'ভারতী' পত্রিকাটি কবে প্রকাশিত হয়? তার সম্পাদক কে ছিলেন?

ঢ) বঙ্গালী উপভাষার যে কোনো দু'টি ধ্বনিগত বৈশিষ্ট্যের নাম উল্লেখ করো।

ণ) করিয়া > কইর‍্যা > করে— উক্ত দৃষ্টান্তটি বাংলা ভাষার ধ্বনি পরিবর্তনের কোন্ পর্যায়ে পড়ে?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৪=২০

ক) টীকা লেখো (যে-কোনো **দু'টি**) :

অ) আলালের ঘরের দুলাল

আ) সমাচার দর্পণ

ই) হ্যালহেড

ঈ) মরীচিকা



খ) বাংলা সাময়িকপত্রের ইতিহাসে 'সংবাদ প্রভাকর' এবং 'তত্ত্ববোধিনী' পত্রিকার গুরুত্ব আলোচনা করো।

গ) বাংলা সাহিত্যে প্রাবন্ধিক স্বামী বিবেকানন্দের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

ঘ) আধুনিক বাংলা কাব্যজগতে নজরুল ইসলামের কৃতিত্ব কোথায় সে সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো।

ঙ) রূপক ও সাংকেতিক নাটক রচনায় নাট্যকার রবীন্দ্রনাথের অবদান সংক্ষেপে আলোচনা করো।

চ) 'তৎসম' ও 'তদ্ভব' শব্দ আসলে কী তা দৃষ্টান্তসহ আলোচনা করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) বাংলা গদ্যচর্চার ইতিহাসে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান সম্পর্কে তোমার মতামত ব্যক্ত করো।

খ) বিহারীলাল চক্রবর্তীকে বাংলা গীতিকবিতার 'ভোরের পাখি' বলা যায় কিনা আলোচনা করো।

গ) ছোটগল্পকার হিসেবে মহাশ্বেতা দেবীর কৃতিত্ব কোথায় তা আলোচনা করো।

ঘ) অভিধান বলতে কী বোঝ? অভিধানের শ্রেণীবিভাগ করে এর লক্ষ্যগুলি বুঝিয়ে দাও।

———